

কবে বই পাবে সব শিক্ষার্থী?

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০২:২১, ৮ জানুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

এবার প্রাথমিক পর্যায়ে ১০ কোটি ও মাধ্যমিকে ৩০ কোটি, সব মিলিয়ে ৪০ কোটি বইয়ে প্রয়োজন।

এনসিটিভি জানিয়েছে, ৬ জানুয়ারি পর্যন্ত শিক্ষার্থীদের হাতে ৬ কোটির বেশি বই পৌঁছেছে ২০১২ সালের কারিকুলামে ফিরে যাওয়ার ফলে পুনরায় দরপত্র আহ্বানসহ বিভিন্ন জটিলতা কার্যাদেশ দিতে বিলম্ব হয়েছে, যা বই সরবরাহে দেরির অন্যতম কারণ।

শিক্ষার্থীরা কবে সব বই হাতে পাবে—এই প্রশ্নের জবাবে নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া বিপক্ষে অবস্থান নিয়েছেন শিক্ষা উপদেষ্টা। তিনি বলেন, “কোনও বছরই মার্চের আগে সব বই সরবরাহ সম্ভব হয়নি।”

অন্যদিকে, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদের বৈঠকে অর্থ উপদেষ্টা সাদ আহমেদ জানান, রমজানে প্রয়োজনীয় পণ্যের শুল্কছাড় অব্যাহত থাকবে।

তিনি সবাইকে কর প্রদানে উৎসাহিত করে বলেন, “ষাদের সামর্থ্য আছে, তাদের সঠিক হাচ কর দিতে হবে। নীতিতে পরিবর্তন না আনলে অর্থনীতিতে টেকসই পরিবর্তন সম্ভব নয়।”